Mr. Peeyush Pandey was willing to address my wide-ranging curiosity about police work with some clarifications and some measured responses. Read on to see if you had the same questions as me...

Dhrishit Dasgupta: One of the duties of a police officer is taking action against smuggling. What is seen as contraband in India and what steps has the government taken against its spread?

Peeyush Pandey : Smuggling is the illegal transportation of goods across any border, which can either be international or between two states. Contraband has a static definition of something that is banned by either permanent or temporary laws.

Goods banned by permanent laws include drugs and weapons and temporary banning may include prescription drugs which may be for intoxication or for use by approval. Sometimes a state may embargo a type of goods so that it is meant only for the use of its subjects.

Once that happens interstate transport would be illegal. The police have the power to search and seize if they receive a complaint and find any evidence of smuggling. After that, they can get a warrant and investigate. However, faster trials are needed for these cases.

Dhrishit : What do you think has changed in the priorities and mentality of an IPS officer of today when compared to the time when you first assumed the role of one?

Peeyush Pandey : I don't think I am competent to comment on the priorities and mentality of an IPS Officer today. It may in fact form a Master's/ PhD research after the appropriate collection of data! However, the challenges faced by today's IPS officers include high-level financial crimes. The internet has allowed gangs and mafia to proliferate and expand to a large extent. Today's officers also need to deal with greater pressure from visual and social media.

Dhrishit : Drug abuse has become a massive issue in India and these drug cartels, though not extremely violent are developing into large organisations, the heads of which have amassed great amounts of wealth. How does the Government plan to curb the success of such cartels?

(Follow up: How does the police plan to control the massive issue of distribution of illegal substances, alcohol and tobacco to minors?)

Peeyush Pandey : Drug abuse is a global issue. Drug money is used to sponsor terrorism in North and Northeast India. The government has moved from targeting addicts to those in possession of what is called commercial quantities. If enough evidence is provided, the property can be confiscated by the state.

The law mainly targets people with commercial quantities of such substances. Cash flow is very important in these cases and the enforcing agencies need to pay attention to financial investigations in such cases.

To curb addiction among children, a social media campaign is very important. NGOs also help to decrease narcotics substance use. Even though the distribution of such substances to minors is banned, they get it from the internet by entering fake ages and from the dark web. Family and friends need to help the young generation to stay away from such addiction.

In Urbana people do share with me their concerns about noted addiction in the younger generation. I will appeal to such boys and girls to abstain from such activities, and we can help them by tying up the addiction centres. And further, assure confidentiality for all involved.

Dhrishit : With reference to the border patrol duties of a police officer, what is the situation at the border between India and China right now?

Peeyush Pandey : Indo-Tibetan Border Police is responsible for Indo Chinese border. As per international law, armed forces cannot be kept at the border so Paramilitary police forces have been entrusted with this responsibility.

Dhrishit : With reference to the security provided to a PM or CM, what can the police officer in charge do when he/she refuses any form of security to be provided?

Peeyush Pandey : The PM cannot refuse security as the same has been entrusted by an act of legislature i.e. the Parliament of India. Other VIPs however have the right to refuse security.

Karate – an Art, a Sport, and a Lifestyle!

By Sahana Govind, Tower 7, 0602

I was 5 years old, weak, small, and often bullied by some older mates who felt that they could boss and push me around. I always did what they asked me to do, out of fear of being beaten up when I was introduced to Karate. Everything changed after this point.

I felt strong and powerful, not giving in to bullying by the same people. Fast forward seven years later, and I am still on my journey in Karate, seven levels higher than where I started. In the meanwhile, I have tried many sports, but this is one I never left behind.

Karate is a style of martial arts originating from Japan. It is a free-hand style of martial arts in which no weapons are used. The beauty of Karate is that it does not just focus on physical strength, but also mental strength.

There are different styles of this art form, and I am going to write about the Shotokan style of Karate as that is what I am learning and practising. The school where Karate is taught and practised is known as the 'Dojo'.

The dojo system is very similar to the ancient Gurukul system of learning, the Guru, in this case, is known as the 'Sensei'.

There are different techniques in each style and each of them takes years to master, requiring patience and dedication.



There are three elements of Karate

Kihons

Kata

Kumite

Kihons-The basic techniques of Karate are called the 'Kihons'. They are the founding base of Karate.

Kata- Kata is a detailed Choreography of the Kihon technique. It is laid out in such a way that it develops reflexes and makes the flow of techniques more natural. It is a way of practising and perfecting each set of moves containing both attack and defence.

Kumite – This is the part of Karate which brings the practice of Kata into a real-life situation. It is basically sparring with a partner. The intention of Kumite is not to hurt but to practice

and learn. Like all sports, competition in Karate teaches one to accept defeat gracefully and to develop a lot of humility while challenging one's capabilities.

In the style of Shotokan, when a Karateka (student of Karate) starts learning Karate, they are given a white belt along with a 'Gi' (uniform). The white belt symbolizes the start of a new journey. The white belt does not allow one to practice Kumite (sparring). In the first stage, Kata knowledge is imparted and practised by all white belt holders. This is followed by a belt exam for graduating to the next belt and so on.

The hierarchy of belts in Shotokan goes as follows:

White

Red

Orange

Yellow

Green

Purple

Purple stripe

Brown

Brown stripe 1&2

Black

When one gets the first black belt, they are qualified to teach. While this may seem like the end of the journey, it is just the beginning of a new one. There are 10 degrees within the black belt and each one requires continuous training and practice. These degrees are known as 'Dans'.

I have now spent 8 years, traversing 7 belts (purple stripe), in this beautiful journey of self-discovery. I would like to thank my Sensei Mayukh Banerjee from my Dojo (Mikes Martial Arts) for continuing to inspire me always. I am still a novice and a trainee and there will always be more to practice, learn and experience through this wonderful art form and sport.



If I have managed to inspire any of you to take up this amazing sport, please contact me or my Dojo at Mikes Martial Arts, 91 Sarat Bose Road, Kolkata- 700026. Ph- 9831507676 or refer to their website @ www.mikesmartialarts.in

How I wish to see Urbana grow as a community

By Avantika Guha ,Tower 5, 1701

Urbana is my home and I think it is a magnificent place. I love staying here and it benefits me in more ways than one. I would like to share a few thoughts which I believe would make Urbana a better place for all of us.

Inclusiveness

We should be welcoming to all kinds of people, accepting their ideas, irrespective of age, disabilities, position in society. There should also be more social connectedness among us.

Additionally, participation in civic life is an essential component of healthy communities, as social connectedness encourages people to support one another, give back, and take pride in the condition of their communities.

Having social connections improves mental health too. Another factor to make this a more inclusive community would be to remove discrimination completely which also means including people from the slums beside our community more in events and festivities. Recently during Durga Puja children from Future Hope had come on Navami to celebrate the festivities together.

They sang, danced and were given food. In my opinion, more initiatives like the ones from Rotary should be done. This makes us interact with the people around our community and includes the entire ecosystem, not just our complex. The people from the slums will also feel appreciated and included and it is a good way to help others.

We should treat our staff equally. Security, workers, and waiters should all get equal privileges. We should also give them food during events like Durga puja, Diwali et cetera. Their children could also perform with us during these events. I feel that they are discriminated against. For example, they have to use a separate elevator all the time. Including them would also make them feel motivated to perform their job better.

Including the youth of Urbana in most plans and activities would make this a more inclusive community. A community which includes the youth is important because it sets the stage for a good start in life, leading to healthy mental, social, and physical development, as well as healthy lifestyle habits. At



Urbana the adults make all the decisions and plans for everything.

Including children will not only make them feel good but also make it much better for the community. Children sometimes have ideas that adults don't even think about. This also enhances different skills for children like leadership, planning, decision making et cetera.

Sustainability

Sustainability means meeting our own needs without compromising the ability of future generations to meet their own needs. In addition to natural resources, we also need social and economic resources. In today's generation, it is quite relevant. One of the things I was taught at school when it came to sustainability was saving energy. Lighting is one thing that steadily consumes energy.

The lights on every floor and the receptions are on all the time even when not in use. They should be kept off in the morning and turned on at night only when required. Using more natural lighting in the area would also help. I researched and found out that solar panels also play a huge role in saving energy.

We already have solar panels, but their usage should be increased so that we are more dependent on them and not other electrical appliances that use up energy. Solar panels use sunlight as a source of energy to generate direct current electricity.

There are many advantages of solar panels such as reduced electric bills, environment-friendly, cheaper power source, and provides clean, renewable energy. Waste Segregation is also a good way to make the environment more sustainable.

Waste segregation can be defined as the process of identifying, classifying, dividing, and sorting garbage and waste products in an effort to reduce, reuse and recycle materials. Waste should be segregated into dry, waste, wet west, sanitary west, hazardous household waste, electric waste, and inert waste. I find this topic particularly fascinating.

With waste segregation, management of different types of waste becomes possible. This directly results in reduced amounts of waste being dumped at dump yards or landfills. Waste segregation is critical because certain types of waste can be hazardous and can contaminate the environment if not managed correctly. It helps the environment in many ways, and we would all be making not only Urbana but also the world a better place.

I also feel that planting more trees would make Urbana even more spectacular. For me, being surrounded by nature is like being in heaven. Planting more trees would make the environment better but it also adds this beauty that nothing

can ever compare to. You feel safe, comfortable, and happy.

Safety

To increase safety at Urbana drills should be held so that everyone knows exactly what to do when there is a disaster like an earthquake or a fire. It is also a good way to raise awareness.

Resources

Last but not the least, a complex like Urbana needs much more resources than it already has. Recently an ATM was put up inside and changes like these need to take place. For example a pharmacy store, people require medicines all the time and especially for an emergency this is very essential to make this a much better place to live in.

An Auditorium would also be brilliant to have here because people would connect, and we would get to watch free movies every week and the experience would be just like a cinema hall. I thought of sharing my ideas with all of you and I hope that together we can all make our home an even better place.



Durga Puja 2022 in Urbana

By Anoushka Saha, Tower 1, 3504



After two years of being locked up in our houses because of the dreadful Covid, everyone has been working very hard trying to catch up with their work. So much so, that it feels like they have turned into machines. This has led to people getting stressed and exhausted. To lighten everyone's mood, all the Urbanites came together to celebrate Durga Puja, the biggest festival in our city of Joy, in a grandiose style.

All nine days of Navratri were planned meticulously and executed perfectly. The Urbana complex was decorated beautifully with lights turning all roads into dreamy paths leading everyone to the magnificent pandal. According to Mr. Vikram Saha, a resident of Urbana, "The pandal was built marvellously and the idol of Durga Maa was breath-taking".

Most residents visited the pandal at least once a day to pray to Maa Durga. Every day was special, but "the rituals on Maha Ashtami were extraordinary" exclaimed a senior citizen resident, retired Gp.Capt. Swadhin Chandra. There was a special puja in the pandal called Pushpanjali for which everyone came decked up in Indian clothes, the ladies wore the traditional red and white saris and the gentlemen looked stunning in their dhoti-kurta attire. The priest chanted prayers thanking Goddess Durga for all Her blessings. After the prayer, the delicious prasad was also distributed abundantly.

In the evenings, various exquisite stalls were set up at the carnival. The game stalls especially had hordes of kids lined up and all of them seemed delighted with recently-won toys or chocolates in their hands.

"The mouth-watering food stalls were unmissable", mentioned Ms. Riddima Tiwari, a 14-year-old resident. The diverse delectable items, such as meaty kebabs, tasty momos, scrumptious wraps etc were all finger-licking. People were in a dilemma about what to eat first! There were drinks served in plenty as well, such as milkshakes and coffee.

Additionally, the icing on the cake were the talented performers who sang and danced merrily on the stage set up in the pandal. It was extremely entertaining, and the audience had an amazing time watching them. There was an uproar of applause after every performance. The showstopper was the renowned Bengali singer - Babul Supriyo, who put up an outstanding show. Everyone was mesmerised by his melodious voice and danced joyfully to his tunes.

It was indeed an incredible celebration this year. Everyone enjoyed to the fullest and forgot about all their worries. It is certain that all forthcoming festivals in Urbana will continue to be celebrated with as much enthusiasm, pomp and show!

India's need for Precision Farming

By Aarav Birla, Tower 7,0505

One of the most important occupations in India is agriculture. In fact, according to google, about 70% of the jobs in India are related to agriculture but they most of them rely on farmers for obvious reasons.

A famous quote by Daniel Webster, an American senator during the 1800s, is "When tillage begins, other arts follow, the farmers, therefore, are the founders of the human civilisation."

Farming is a very tough thing to do. It requires a lot of patience and hard work. All the crops can easily be ruined by a flood or disease and the task will have to start all over again. To speed up the process of growing the plants means there will be less problems per harvest which will reduce the work of farmers.

This is done by fertilisers, insecticides, pesticides etc. As per Robotics Business Review, excess use of these can affect the consumer's health and cause unwanted diseases. Though these are very useful, there are some factors which are not taken into account. For example, more of these chemicals might be put on one particular spot or the farmer might forget to spray them somewhere. The solution is precision farming. Many might have not heard of this but precision farming is very useful.

Precision agriculture is comprised of a set of different technologies and methods that combine types of machinery, information systems, sensors, and decisions that allows the farmer to optimize production by accounting for uncertainties

within the agricultural systems.

Kerala agricultural department has found that equipment such as specialised drones, driverless tractors, machines which can determine the fertility of the soil and other automated machines are efficient and accurate. However, the cost of these machines is very high. This can be solved not by buying but by hiring the equipment at a much cheaper and affordable rate.

Precision farming helps farmers make better decisions and can help the farmer use his/her land to its fullest potential. However, precision farming is barely available in India, and as you know, 70% of jobs in India are related to agriculture.

I would like to reach out to as many people as possible to be aware of this. The agricultural department of India should provide this equipment so our farmers will not have to work so very hard to provide food for us or to provide raw materials like jute, and cotton to industries.

I hope this article makes people aware of this and inspires them to take the initiative to bring precision farming to India. I have a lot of interest in this topic as it isn't just about farming, it is about changing the lifestyle of millions of people. As Masanobu Fukuoka said- "The ultimate goal of farming is not the growing of crops, but the cultivation and perfection of human beings".

BASKETBALL: A game of fast thinking

By Aisha Kothari, Tower 5,3501

We can all agree that basketball is becoming very popular around the world. So many people play this sport but do people know how basketball started and how it evolved through the years since it was born? Created in 1891 in a Springfield, Massachusetts YMCA gymnasium basketball has grown into a game played worldwide by more than 300 million people.

Like all other sports and creations, there has to be an inventor and in basketball, there was a man by the name of Dr James Naismith who is credited with this honour. This game has been around for a very long time with many changes in the rules of basketball throughout history. When it was first played in the late 1800s, there were different rules and even a different looking basketball.

As for the rules, there should be 10 people on the court but it first started with 18 people on the court and after a couple of years it changed to only 10 people. Substitution was also different and the rule for this was at first no one can re-enter the game until the next game.

The rule was changed in 1920 to allow a player to re-enter the game one time. In 1934, the rule was expanded to allow players to re-enter the game twice, and, in 1945 the rule was finally changed to permit players to return to the game an

unlimited number of times.

The first basketball looked very similar to a football. The backboards were made out of straight wood and the baskets were made out of peach baskets or square boxes.



Numerous physical and mental benefits result from playing basketball. Basketball is highly effective in promoting the cardiovascular health of its players. A healthy heart diminishes the risks of heart disease later in one's life. Basketball's high physical demand is crucial in burning calories and reducing body fat in its players.

Basketball also strengthens the bones due to the constant friction of muscles against them. It improves the immune system of the body and is effective in increasing players' self-esteem too.

Most of all basketball is a game that makes you use your thinking skills. I like basketball because of the fast thinking and last-minute action to be taken. It is a fun, competitive game which is enjoyable to play and to watch.

SERVING KOLKATA'S
FAVOURITE BIRYANI
SINCE 1929

এবার
পুজোয়
সঙ্গে

Aminia

THE TASTE YOU LOVE



8100 666 444



NEW MARKET | GOLPARK | JESSORE ROAD | RAJARHAT | SHYAMBAZAR | BEHALA | BARRACKPORE | SERAMPORE | SODEPUR | SALT LAKE

8100666444 | www.aminia.co.in | Email : info@aminia.co.in | [f AminiaRestaurant](#) | [t Aminia_mughlai](#) | [i AminiaRestaurant](#)

এর প্রথম গল্প দেশ পত্রিকায় প্রকাশিত হয় ২০০৩ সালে, যা পাঠক গোষ্ঠীর মধ্যে রীতিমতো আলোড়ন ফেলে দেয়। ২০১৩ সালে তার প্রথম উপন্যাস 'মাঝ রাস্তায় কয়েকজন' প্রকাশিত হয়। তার লেখা একাধিক গল্পের নাট্যরূপ মঞ্চে ও বেতারে উপস্থাপিত হয়েছে। তার উপন্যাসের চলচ্চিত্রায়ণ ও হয়েছে। ওনার রচিত গ্রন্থ তালিকা অতি

দীর্ঘ। এর মধ্যে ২০১১ সালে প্রকাশিত 'ডানাওলা মানুষ' গল্পগ্রন্থ একাডেমী পুরস্কারে ভূষিত। এছাড়াও তিনি বিভিন্ন গ্রন্থের জন্য একাধিক পুরস্কার পেয়েছেন। সানডে টাইমস এর পক্ষ থেকে মাননীয় রাজপালের হাতে সেরা সাহিত্যিক ২০২০ সম্মানে ভূষিত হন।



বা ডি থেকে বেরোনোর একটু আগেই ফোনটা বেজে উঠল। পকেট থেকে বার করে বিপুল দেখল স্ক্রিনে নাম ভেসে উঠেছে- ফালতু বাবা।

কল রিসিভ করে বিপুল বলল, হ্যালো।

তুই আসছিস তো বাবা? আমি কিন্তু রেডি হয়ে বসে রয়েছি।

হ্যাঁ আসছি চিন্তা কোরো না। এই জাস্ট বেরোব।

আয় আয়। আমি চান-টান করে একেবারে তৈরি। কীভাবে আসবি তুই? গাড়ি নিয়ে? না, ট্রেনে আসব।

কেন রে তোর তো গাড়ি রয়েছে গাড়িতে আয়। ট্রেনে এত গরমে কেন কষ্ট করে আসবি?

বিপুল একটু থমকাল, তারপর বলল গাড়ি নেই আমার, ট্রেনেই আসব। তোমার কি অসবিধা হবে?

না না আমার আবার কীসের অসবিধা? তুই তো আমাকে ট্রেনে করেই নিয়ে এসেছিলি। তুই আয়, যেমন ইচ্ছে তেমনভাবেই আয়। শুধু গরম লাগাস না, রাস্তায় একটা ডাব কিনে খেয়ে নিস। ছাতা নিয়ে বেরোস।

হুঁ। বলে ফোনটা কাটল বিপুল। এক সেকেন্ড কী যেন ভাবল। তারপর কনট্যাক্ট লিস্ট থেকে ফালতু বাবা নামেরটা বার করে এডিট মোডে গিয়ে নামটা একটু বদলাতে গিয়েও বদলাল না। তেমনই রেখে দিল।

শান্তিনগর রেলস্টেশনের সামনে যে টোটো স্ট্যান্ড রয়েছে সেই স্ট্যান্ডেরই একজন টোটোওলা বিপুল। আগে রিকশা চালাত। ধীরে ধীরে রিকশার দিন ফুরোতে থাকল। বাজারে এল টোটো। দিব্বি ব্যবস্থা। লাইসেন্স নেই, ইনসিওরেন্স নেই, ট্যাক্স নেই, পেট্রলের খরচ নেই। ব্যাটারিতে চার্জ দাও এবং অটোর মতই পাঁচজন প্যাসেঞ্জার নিয়ে চালাও। ভাল লাভ।

রিকশাস্ট্যান্ডের অনেকেই ধীরে ধীরে রিকশা চালানো ছেড়ে টোটো চালানো শুরু করেছে। কেউ নিজেই কিনছে কেউ আবার অন্যের কেনা টোটো ভাড়া নিয়ে চালাচ্ছে। রিকশাস্ট্যান্ডটা ধীরে ধীরে ছোট হয়ে আসছিল, আগে যেখানে একসঙ্গে বারো-চোদ্দটা রিকশা সবসময়ে থাকতে দেখা যেত, ট্রেন থেকে নামেই প্যাসেঞ্জাররা ছুটত রিকশার জন্য, সেখানে রিকশার সংখ্যা কমতে কমতে তিন-চারখানায় এসে ঠেকল। রিকশা কমছিল আর টোটো বাড়ছিল।

রিকশা আর টোটো একই স্ট্যান্ডে থাকার ফলে রিকশাওলাদের সঙ্গে প্যাসেঞ্জার নিয়ে টোটোওলাদের ঝগড়া লেগে যাচ্ছিল হামেশাই। এমনকি যে টোটোওলা গত পরশুদিনও রিকশা টানত, সে টোটোচালক হওয়ার পর কেমন অচেনা হয়ে উঠেছিল। রিকশাওলাদের 'তোরা' বলে সম্বোধন করছিল। অশান্তি মাঝেমাঝে হাতহাতির পর্যায়ে চলে যাচ্ছিল। তখন ইউনিয়ন থেকে টোটো আর অটোর স্ট্যান্ডদুটো আলাদা করে দেওয়া হল। যারা আগে একই স্ট্যান্ডে বসে অবসরে তাস খেলত, বিড়ি-খিনি খেত তারা একে অপরের সঙ্গে কথা বন্ধ করে দিল। একটা সময় বিপুলও এই সত্যিটা বুঝতে পারল প্যাডেল রিকশার দিন শেষ হয়ে এসেছে।

প্রদীপের শিখা এখন একেবারে একবিন্দু নীল হয়ে জ্বলছে, যে কোনওদিন পুরোপুরি নিভে যাবে তার আগেই ব্যবস্থা করতে হবে। নিজের সামান্য পুঁজি আর বাকিটা কোওপারেটিভ থেকে লোন নিয়ে একটা টোটো কিনেই ফেলল বিপুল। রিকশা স্ট্যান্ডে আর মাত্র পড়ে রইল দু'জন হারান আর শিবু। টোটো স্ট্যান্ডে ওদের দিকে চলে যাওয়ার আগের রাতে বিপুল ওদের দুজনকে ইংলিশ খাইয়েছিল সঙ্গে চিলিচিকেন। নেশা টং হয়ে শিবু বিপুলের গলা জড়িয়ে কেঁদে উঠে বলেছিল ভাই তুইও আমাদের ছেড়ে চলে গেলি?

বিপুল বলেছিল কিছু করার নেই রে, তোরা দু'জনেও পারলে রিকশা বেচে দিয়ে টোটোর চেষ্টা কর।

শিবু আর মুখে কিছু না বলে ঠাস করে বিপুলের গালে এক থাপ্পড় মেরে টলতে টলতে উঠে দাঁড়িয়ে চলে গেছিল। বিপুলের আর কিছু বলার ছিল না। ও আর হারান কিছুক্ষণ চুপ করে বসে থাকার পর ওরা দু'জনেও উঠে পড়েছিল।

পরদিন থেকে বিপুলও ওদের দলে। রিকশাস্ট্যান্ডে শুধু শিবু আর হারান। বিপুল কী এক অজানা কারণে আর ওদের দু'জনের সঙ্গে কথা বলতে পারেনি।

এসব ঘটনা সংসারে অতি তুচ্ছ। কে আর এতকিছুর খেয়াল রাখে। শান্তিনগরে লোকসংখ্যা কম নয়। ডেলিপ্যাসেঞ্জারও যথেষ্ট। কাজেই অফিস টাইম ছাড়াও এমনি সারাদিন প্যাসেঞ্জার পেতে কোনও সমস্যা হয় না, তা ছাড়া এখানে ন্যাড়াবাবার আশ্রম রয়েছে।

সেই আশ্রমে বহু দূর দূর থেকে ভক্ত আসে, ফলে টোটোওলাদের রোজগার ভালই। মাস খানেকের মধ্যেই বিপুল দেখল ওর হাতে বেশ কিছু টাকা। এর সিকিভাগও সারামাস রিকশা টেনে উঠত না। তখন বিপুলের ইচ্ছা হল একটা মোবাইল ফোন কেনার। শখটা অনেকদিন ধরেই ছিল কিন্তু টাকার অভাবে পেরে ওঠেনি। আগে তো দুইবেলা পেট চালানো তারপর শখ। যদিও বিপুল বিয়ে করেনি। একার সংসার।

বাবা মারা গিয়েছে অনেকবছর হল। সুইসাইড করেছিল। এক রেশন ডিলারের দোকানে কাজ করত বাবা। খুবই সামান্য মাইনে। বাবার একটাই বদরোগ ছিল সন্ধে হলেই বাংলার বোতল চাইই চাই। এই নিয়ে মায়ের সঙ্গে মাঝেমাঝে তুমুল অশান্তিও হত। তবে বাবা অশান্তি করতে পারত না। মা খুব চিৎকার করত।

সারাদিন বাবা অত্যন্ত শান্ত, সুন্দর ব্যবহার, হাসিখুশি। সন্ধের পর বোতল খুললেই অন্যমেজাজ। দুনিয়ার সব দুঃখ, কষ্ট তখন বাবার ওপর বাঁপিয়ে পড়ত। আবোলতাবোল বকত। জীবনে তার কী কী কষ্ট সব আওড়াতে থাকত।

মা চিৎকার করতে শুরু করলে বাবা ফুঁপিয়ে কাঁদতে শুরু করত। বাবাকে কাঁদতে দেখলে বিপুলেরও কান্না পেত। বাবার আরেকটা খারাপ স্বভাব ছিল এর ওর কাছ থেকে টাকা ধার করত। আর এই ধারের চক্ররেই একদিন বাবা ফেঁসে গেল। সেবার কাদের থেকে টাকা ধার নিয়ে শোধ দিতে পারছিল না বাবা, দুইদিন কয়েকজন গুন্ডাগোছের লোক এসে বাবাকে শাসিয়ে গেল, এবং চড়থাপ্পড়ও মেরে গেল। বাবা রাতের বেলা মদ খেতে খেতে বলতে থাকল আমি শেষ আমি শেষ, ওরা আমাকে ছাড়বে না।

বাবা তৃতীয়দিন রাতে রেললাইনে গিয়ে শুয়ে পড়ল। তখন বিপুল ষোল। মর্গ থেকে শ্মশান এবং তারপর বাড়ি ফিরে মাকে সাদা থান পরে থাকতে দেখে বুকের ভেতরটা দপ করে উঠেছিল বিপুলের। শ্রাদ্ধ মিটে যাওয়ার পরেই পেট চালানোর জন্য কাজের খোঁজ শুরু করল বিপুল। বেশ কিছুদিন টুকটাক এটা সেটা করে শেষপর্যন্ত রিকশাওলা হয়ে গেল। বছর চারেক পর মাও চলে গেল অসুখে।

একেবারে একা হয়ে গেল বিপুল। টানা দশ বছর রিকশা টানার পর অবশেষে টোটোওলা হয়ে হাতে কিছু টাকা দেখতে পেল যখন ইচ্ছে হল মোবাইল কেনার। সেইজন্য স্টেশনের সামনে মোবাইলের দোকানে

গিয়ে মোবাইল দরাদরি করছিল। সবই ভয়ংকর দাম।

এত দাম দিয়ে মোবাইল কেনাটা একটু বাড়াবাড়ি হয়ে যাবে। মন খারাপ করে দোকান থেকে ফিরে আসছিল বিপুল, তখন দোকানদার বলল, সেকেভহ্যান্ড চলবে?

তারপর বেশ কয়েকটা পুরনো মোবাইল বিপুলের সামনে রেখেছিল। তারমধ্যে একটা মোবাইল হাতে তুলে নিয়েছিল বিপুল। কালো রঙের মোবাইল। সুন্দর দেখতে। নামে পুরনো হলেও বলতে গেলে নতুনই। দাম মাত্র দেড় হাজার। মোবাইলটা এতই পছন্দ হল যে সিম কিনে মোবাইলে সেট করে সব দেখে শুনে নিয়ে কিনেই ফেলল বিপুল। বাড়ি নিয়ে এল। সারাদিন ঘাঁটল।

দারুন আনন্দে কাটল সারাদিন। আশু একটা মোবাইল ওর নিজের। সিনেমা দেখা, গান শোনা, আরও অনেক অনেককিছু দেখা এবং করা যাবে মোবাইলে। রাতে কাজ সেরে বাড়ি ফেরার পর খেয়ে দেয়ে সবে আরাম করে শুয়ে মোবাইলটা ঘাঁটছে বিপুল, তখনই অচেনা নাম্বার থেকে ফোন এল।

হ্যালো

আকাশ?

কে বলছেন?

আমি বাবা বলছি, বুড়ো বাপের ওপর রাগ করে থাকিস না বাবু, আমাকে এখান থেকে নিয়ে যা।

আমি কথা দিচ্ছি তোদের কোনও ব্যাপারে আমি কোনও কথা বলব না, আমার ঘরে চুপটি করে বসে রইব, শুধু আমাকে এখান থেকে নিয়ে যা বাবা। আমার একেবারে ভাল লাগছে না। হ্যালো আপনি কাকে চাইছেন? আমি আকাশ নই।

কিন্তু বিপুলের কথা সেই লোকটি শুনলেনই না, বরং বলে যেতে থাকলেন, আর ক'টা দিনই বা বাঁচব বল, তোকে এইটুকু বয়স থেকে বড় করেছে একা একা। আজ এই বুড়ো বাপটাকে এইভাবে ফেলে দিয়ে যাস না রে বাবু। তাহলে অনেক কষ্ট পেয়ে মরব। আমি তো বলছি আমি তোদের সংসারে আর কোনও বিষয়ে নাক গলাব না। আমি বাবা হয়ে ক্ষমা চাইছি তোঁর কাছে।

বউমার কাছেও আমি ক্ষমা চেয়ে নেব। আসলে কি জানিস, আমি তোঁর বাবা তো, তাই তোদের দুইজনের মধ্যে অশান্তি দেখলে আমার মনটাও অস্থির লাগে, মনে হয় আমি যদি একউ চেষ্টা করি তোদের দুজনের মধ্যে ভুল বোঝাবুঝিটা কাটানোর।

কিন্তু আমি স্বীকার করছি রে বাবু আমার ভুল হয়েছে। তুই বড় হয়েছিস, তোঁর আলাদা জীবন। আমি আর এমন করব না। শেষ ক'টা দিন আমাকে নিজের বাড়িটায় থাকতে দে। আমি জানি আমি তোঁর ফালতু বাবা, কিন্তু ঘরের মায়া বড় মায়া রে বাবু...

কথাগুলো বিপুলকে অস্বস্তি দিচ্ছিল। ফোনটা কেটে দিতে গিয়েও কাটতে পারছিল না। সেই জড়ানো গলার বৃদ্ধের কথার মধ্যে এমন আর্তি ছিল যে বহু বহুকাল আগের এক অসহায় মানুষের কণ্ঠস্বর শুনতে পাচ্ছিল বিপুল। ফোনটা রেখে দিয়েছিল সেদিন। নাম্বারটা সেভ করেছিল ফালতু বাবা নামে। পরেরদিন আবার ফোন। তখন বিপুল টোটো চালাচ্ছে। ফোন ধরতে পারেনি। মিসড কল দেখে কলব্যাক করে দেখেছিল সেই নাম্বার সুইচড অফ। বিকেলের দিকে আবারও চেষ্টা করে

ফোন এসেছিল রাতে। তুই আসবি তো বাবা আমাকে নিতে? এই বাড়িটা খুব অন্ধকার, খুব একা লাগে। কেউ নেই। দম বন্ধ হয়ে যায় আমার। ওষুধগুলোও শেষ হয়ে গেছে, কেউ এনে দেওয়ার নেই। আমার হাতে একটা টাকাও নেই রে বাবু।

আপনাকে আমি ফোন করেছিলাম দুইবার। আপনার ফোন বন্ধ ছিল কেন?

ওদিক থেকে কোনও উত্তর নেই।

হ্যালো...

হ্যাঁ রে বাবু আমাকে এখান থেকে নিয়ে যা।

সেই একই কথা।

আপনি কোথায় থাকেন?

তুই তো রেখে দিয়ে গিয়েছিলি বাবা... আমি তো কিছু জানি না।

আরে কী মুশকিল আমি তো আগেরদিনই বললাম আমি আপনার ছেলে আকাশ নই।

কিন্তু এই নাম্বারটা যে আমার ছেলেরই। তুই কেন মিছে বলছিস বাবা?

আর বাপের ওপর অভিমান করিস না। আমার ভুল হয়ে গেছে।

বৃদ্ধ সেই একই কথা বলতে থাকলেন।

বিপুল সেবারেও ফোনটা কাটতে গিয়ে কাটতে পারেনি। পুরোটা শুনেছে।

তৃতীয়দিন ও নিজেই একবার সেই নাম্বারে কল করে দেখেছে ফোন সুইচড অফ। অদ্ভুত ব্যাপার তো। কল করলে কখনই রিং হয় না। অথচ কল আসতে কোনও অসুবিধা হয় না। সেদিন যেন বিপুলও ওই ফোনটার জন্য অপেক্ষা করছিল। রাতের দিকে স্ক্রিনে ফালতু বাবা নামটা ভেসে উঠতেই কল রিসিভ করে বলেছিল, হ্যাঁ বলুন।

কী করছিস তুই?

বিপুল বলতে পারেনি, আপনার ফোনের অপেক্ষা করছিলাম। বলেছিল এই খেয়ে উঠলাম।

হ্যাঁ রে আকাশ আমার খুব নিমপাতা ভাজা খেতে ইচ্ছে করে, বাড়ির নিমগাছটা কেমন আছে রে? কচি পাতা ধরেছে? মঞ্জুর মাকে বলিস কচি পাতা ভাল করে ভেজে রাখতে। আলুভাতে দিয়ে গরমভাত মেখে খাস।

বিপুল জিজ্ঞাসা করেছিল, আপনি কোথায় থাকেন?

আমি তো নাম জানি না রে বাবা, তুই রেখে গিয়েছিলি, সেখানেই আছি। এখানে জানিস বাবু রোদ্দুর ওঠে না, সবসময়েই কেমন যেন অন্ধকারমতো। রাতও হয় না। সবসময় কুয়াশা। আমার বড় ভয় লাগে। কোন স্টেশনে নেমেছিলেন মনে আছে?

নামটা... নামটা... মনে করার চেষ্টা করেছিলেন বৃদ্ধ। বলতে পারেননি। শুধু স্টেশনটা কেমন তার একটা বর্ণনা দিয়েছিলেন।

ঘরের দরজায় শিকল দিয়ে বেরিয়ে পড়ল বিপুল। আজ যে ট্রেনে উঠে সারাদিন ধরে খুঁজবে একটা স্টেশন যে স্টেশনের চারদিকটা একটু অন্ধকার মতো কুয়াশায় ঢাকা। কয়েকটা ভাঙা পরিত্যক্ত কাঠের বেঞ্চি রয়েছে, আর বেঞ্চিগুলিতে মেলে রাখা রয়েছে কয়েকটি অতি জীর্ণ, রঙ ফিকে হয়ে যাওয়া ফতুয়া, লুঙ্গি, পায়জামা, যে প্ল্যাটফর্মের মাটিতে ইতস্তত ছড়িয়ে রয়েছে ঘসা কাচের কালোফ্রেম চশমা, ময়লা রুমাল, বাঁকা হাতলের লাঠি। সেই স্টেশনটা বিপুল আজ খুঁজে বার করবেই। সেখানে তার জন্য কেউ অপেক্ষা করে রয়েছে।

শখটা অনেকদিন ধরেই ছিল কিন্তু টাকার অভাবে পেরে ওঠেনি। আগে

এই খেয়ে উঠলাম।

হ্যাঁ রে আকাশ আমার খুব নিমপাতা ভাজা খেতে ইচ্ছে করে, বাড়ির নিমগাছটা কেমন আছে রে? কচি পাতা ধরেছে? মঞ্জুর মাকে বলিস কচি পাতা ভাল করে ভেজে রাখতে। আলুভাতে দিয়ে গরমভাত মেখে খাস।

বিপুল জিজ্ঞাসা করেছিল, আপনি কোথায় থাকেন?

আমি তো নাম জানি না রে বাবা, তুই রেখে গিয়েছিলি, সেখানেই আছি। এখানে জানিস বাবু রোদ্দুর ওঠে না, সবসময়েই কেমন যেন অন্ধকারমতো। রাতও হয় না। সবসময় কুয়াশা। আমার বড় ভয় লাগে। কোন স্টেশনে নেমেছিলেন মনে আছে?

নামটা... নামটা... মনে করার চেষ্টা করেছিলেন বৃদ্ধ। বলতে পারেননি। শুধু স্টেশনটা কেমন তার একটা বর্ণনা দিয়েছিলেন।

ঘরের দরজায় শিকল দিয়ে বেরিয়ে পড়ল বিপুল। আজ যে ট্রেনে উঠে সারাদিন ধরে খুঁজবে একটা স্টেশন যে স্টেশনের চারদিকটা একটু অন্ধকার মতো কুয়াশায় ঢাকা।

কয়েকটা ভাঙা পরিত্যক্ত কাঠের বেঞ্চি রয়েছে, আর বেঞ্চিগুলিতে মেলে রাখা রয়েছে কয়েকটি অতি জীর্ণ, রঙ ফিকে হয়ে যাওয়া ফতুয়া, লুঙ্গি, পায়জামা, যে প্ল্যাটফর্মের মাটিতে ইতস্তত ছড়িয়ে রয়েছে ঘসা কাচের কালোফ্রেম চশমা, ময়লা রুমাল, বাঁকা হাতলের লাঠি। সেই স্টেশনটা বিপুল আজ খুঁজে বার করবেই। সেখানে তার জন্য কেউ অপেক্ষা করে রয়েছে।

ইন্দি কুটুম

By Rupa Sengupta

লেখক পরিচিতি

রুপা সেনগুপ্ত

জন্ম হুগলি জেলার চন্দননগরে, মামার বাড়িতে। লেখাপড়া ও বেড়ে ওঠা শ্রীরামপুরে। স্নাতক হন শ্রীরামপুর কলেজ থেকে।

অবিভক্ত বাংলার ঢাকা জেলার অন্তর্গত নারায়ণগঞ্জ সাবডিভিশনের বালাপুর গ্রাম থেকে আসা এক ছিন্নমূল পরিবারের সন্তান। লিটল ম্যাগাজিনে ছোট গল্প লেখা দিয়ে তাঁর লেখক জীবন শুরু। জন্মসূত্রে উদ্বাস্তু একথা আড়াল করেন না তিনি। তাই তার বেশিরভাগ লেখাতেই থাকে দেশভাগ, উদ্বাস্তু জীবনে বেঁচে থাকার লড়াই, সাফল্য বা ব্যর্থতার কথা।

কা কিমা বীণাপানি দীঘির জলে সাঁতার কাটছেন। অনু ঘাটের পাড়ে দাঁড়িয়ে। হাতে শুকনো গামছা একখানি। ঠাকুমা ননিবালা অনুকে বলেছেন, যা তো বিনুর লগে ঘাটপাড়ে। সোমন্ত মাইয়া মানুষ! একা একা নাইয়া আইব নাকি! পথে তো শিয়াল কুত্তার অভাব নাই। এসব শুনে বালিকা অনু পোষা কুকুর ভুলের দিকে তাকায়। ভুলের আপন মনে পেট চুলকানো দেখে কিছুতেই সোমন্ত মাইয়া মানুষের সঙ্গে কুকুরের কী বিরোধ তা আন্দাজ করতে পারে না!

কাকিমা স্নান শেষে প্রথমে তাঁর বুকে জড়ানো ভেজা গামছাখানি দিয়ে পিছন ফিরে তাঁর চুলে মোছেন। তারপর সেই গামছা নিংড়ে দুহাত পিছনে নিয়ে অদ্ভুত কায়দায় চুল ঝাড়লেন। অনু দেখেছে পাছা ছড়িয়ে প্রায় হাঁটু অবধি লম্বা চুল তাঁর। ইনি অনুর সেজ কাকিমা। এবাড়ির সবচেয়ে সুন্দর বউ ইনি। যদিও তিনি ফর্সা নন, বরং একটু কালোর দিকেই রংটা।

অনুর হাত থেকে শুকনো গামছাখানি নিয়ে ভাল করে গায়ে জড়িয়ে নেন বিনু। তারপর বোসপুকুর ছেড়ে রায়দের আমবাগানের ভিতর দিয়ে ভাসুর-ঝি অনুর সঙ্গে বাড়ির পথ ধরেন। সঙ্গে চলনদার নিয়ে পথ চলতে একেবারেই পছন্দ করেন না বিনু। তাঁর চরিত্রের একটু চপলতা আছে এটা বেশ টের পান শাশুড়ি ননিবালা। একটু তাই বেশি সতর্ক থাকেন তিনি।

ননিবালা দাসীর পাঁচ ছেলে। সেজ ছেলে বিভাস একটু অন্য ধারার মানুষ। বিপ্লবীদের সঙ্গে তাঁর ভালই যোগাযোগ ছিল। ১৯৪৯ সালে তাঁরা যখন দেশ ছাড়েন তখন সবচেয়ে বেশি কষ্ট পেয়েছিল সেজ ছেলে বিভাস।

তাঁর স্বামী হরিমাধব কিছুতেই 'পাকিস্তান' কে মন থেকে মানতে পারছিলেন না। তিনি কেবলই বলতেন, বংশ পরম্পরায় আমরা যে জমির অন্ন খাইলাম, যে মানসম্মান লইয়া এতদিন আছিলাম, আজ কেমন জানি মনে হয় দ্যাশটা অন্য লোকের হইয়া গেছে। আসলে সেসময় অনেকেই মনে করছিলেন তাঁরা যেন নিজভূমে পরবাসী।

প্রত্যক্ষ আঘাত না পেলেও তাঁদের কেবলই মনে হতে লাগল অন্যের মর্জির ওপর নির্ভর করে বেশিদিন বেঁচে থাকা যায় না।



প্রকাশিত গ্রন্থ:

১. কাটাঘুড়ি ও জাদুকরী - এক উদ্বাস্তু পরিবারের গল্পকথা

২. মেঘনাপারের দিনগুলি

৩. শূন্যের মাঝে অমৃত কলস

: দেশভাগ ও কলোনিজীবন

৪. বর্ণবিপর্যয়; রাঢ়ভূমির প্রান্তিক মানব কথা

এছাড়া দোয়েল, জলঘড়ি, দিবারাত্রির কাব্য, অ, উত্তরবঙ্গ সংবাদ, পান্থজন, ঋতুযান, পর্যবেক্ষণ ইত্যাদি বিভিন্ন পত্রপত্রিকায় তিনি নিয়মিত লিখে থাকেন।

মোটামুটি কাজে লাগে এমন জিনিসপত্র নিয়ে দেশগ্রাম ছেড়ে এসে উঠলেন গঙ্গাপারের এই গ্রামে। এই গ্রাম থেকে গঙ্গা যদিও অনেক দূর। প্রায় চার মাইল। রেল স্টেশন, সেও প্রায় দুই মাইল।

একটা ছোট পাকা বাড়ি যে হরিমাধব কী করে জোগাড় করেছিলেন তা কেবল গৃহদেবতা রাধামাধবই জানেন। কিন্তু ননিবালা এসে দেখলেন শোয়ার ঘর মোটে দুইটা! একটা রান্নাঘর আর সামনে পিছনে বড় বারান্দা। এই ছিরিছাদহীন বাড়িটা দেখে ননিবালা কেঁদেই ফেললেন। তারপর ওই পিছনের বারান্দা ঘিরে দুপাশে দুটো ঘর তুলে তাঁরা থাকতে শুরু করলেন। ছেলে বৌমা নাতি নাতনি সহ প্রায় পনের জনের যৌথ পরিবারটি না জানি কী করে ওই ঘর নামক খোপগুলোয় নিজেদের অবস্থান করে নিল! ননিবালা ভেবেই কুল পান না!

ঘীরে ঘীরে ননিবালা সংসার জীবনে চলতে ফিরতে শুরু করলেন। আজকাল তো আগের মতোই দুপুরে টোকির তলা থেকে মাদুর আর পানের বাটা বের করে বেশ হাত পা ছড়িয়ে পান সাজতে বসেন। বড় বউ উমারানী এসে হাত পেতে একখানি পান নেন। তারপর দুজনে মিলে ফেলে আসা দিনের গল্প করেন। হঠাৎ করে আগের কোনও প্রতিবেশীর দেশত্যাগের কথা কানে এলে চর্চা করতে বসেন। তাঁরা এসে কোথায় উঠল তা না জানা অবধি যেন এই দুজনের শান্তি নেই।

আজ অনুর খুব ভোরেই ঘুম ভেঙে গেছে। আড়মোড়া ভেঙে খোলা জানলা দিয়ে উঠানে তাকালে অনু দেখতে পায় কেমন অদ্ভুত হালকা মিঠে রোদে উঠোন ছেয়ে আছে। ঘুমকাতুরে অনু অন্য দিন একটু বেলা করে ওঠে। উঠানে কাজের মেয়ে মায়ামাসিকেই বকবক করে কুটনো কুটতে দেখে। এক গামলা আলুর তরকারি হয় রোজ সকালে। ওই তরকারি সকলে আটার রুটি দিয়ে খায়, আবার তাঁর বাবা ও কাকা টিফিনকৌটোয় ভরে দোকানে ও অফিসে নিয়ে যান। তার কাকিমা বিনু স্নান সেরে ঘরের কাজে টুকটাক হাত লাগান।

ঠাকুমা ননিবালা বলতেন - তাঁর দেশগ্রামে নাকি বাদল দিন ছাড়া মাথার ওপর মিঠে রোদ নিয়ে শুরু হতো সকাল। এমন সুন্দর সকালের বর্ণনা তিনি দিতেন! বলতেন, সূর্যোদয়ের আগেই মোরগের ডাকে ঘুম ভাঙত। গ্রামের মধ্যে যে কটি মুসলমান পরিবার ছিল তাঁরা মুরগি পুষতেন। সে সময় হিন্দু বাড়িতে মুরগির প্রবেশ নিষিদ্ধ ছিল। শীতের ভোরে দুয়ার খুলে বের হলেই চোখে পড়ত ঘন কুয়াশা।

উঠোনের দুই ধারে হলুদ গাঁদাফুল অথবা টগর ফুল, কত জবাফুলের গাছ ছিল তাঁদের! লংকা জবা, পঞ্চমুখী জবা, কলকে ফুলের গাছও ছিল দুটো। ঠাকুরদালানের গা ঘেঁষে ছিল একটা শেফালী ফুলের গাছ। একসারি পাপড়ি সাজানো লাল রঙের পেতিগাঁদা ফুলও নাকি ফুটে থাকত সারা উঠান জুড়ে।

পোষা বিড়াল ধলা, পায়ে পায়ে ঘুরে বেড়াত। গোয়ালঘর থেকে গাই মঙ্গলাও ডেকে উঠত - হাম্বা। সুযোগ পেলেই ঠাকুমা তাঁর গ্রামের গল্প বলতেন। কত কী বলতেন! যেন সোনা দিয়ে তৈরি ছিল সে গ্রাম! ছিল খেত ভরা সোনার বরণ ধান, ধানের উপর ঠিকরে পড়ত সোনা রঙা রোদ আর গাছে গাছে সোনার পাখি ইস্টি কুটুম !

মা প্রায়ই পাশের বাড়ির চাঁপা কাকিমাকে বলেন, যখন এ দ্যাশে আইলাম তখন তো অনু প্যাটে। এ দ্যাশে আইওনের পরে অনু জন্মাইল ওই সাবডিভিশন হাসপাতালে। তখন তো শাশুড়ি মায়ের বয়স পঞ্চাশও হয় নাই। অনুর বাবার তখন বয়স বছর তিরিশ হইব। শুনছি অনুর বাবায় নাকি ওনার সাতেরো বছরের সন্তান। এসব গল্প শুনে অনুর খুব আফসোস হয়। যদি আর একটু আগে জন্মাত, তবে তো ওই সোনার গ্রামটাকে দেখে আসতে পারত।

বর্ষা আইল অথচ পাতে এক টুকরা ইলিশ পড়ল না, দুইটা গরম ভাত ইলিশের তেল দিয়া মাইখ্যা খাওন গেল না! আহা মুচমুচে ভাজা ইলিশ মাছের ডিমও চাখা গেল না ! হরিমাধব খেতে বসে এসব কথা তুললে ননিবালা চোখ টিপেন। সেজ ছেলে বিভাস বড় বাজারে যে দোকানটায় খাতা লেখার মানে হিসেব-পত্তর গুছিয়ে রাখার কাজ করছিল সেটা এখন প্রায় মাস দুই হল নেই। অত্যন্ত সৎ ও অন্য ধারার মানুষ বিভাস ঠিক যেন সমাজের সঙ্গে মানিয়ে গুছিয়ে চলতে পারছে না। প্রায়ই তাঁর উপার্জন থাকে না।

এসব মনে রাখতে পারেন না বুদ্ধ হরিমাধব। ননিবালা সামলে সুমলে চলেন। সম্প্রতি একটা মোটামুটি ভাল চাকরি পেয়ে বড় ছেলে বিভূতি পরিবার নিয়ে চক্রধরপুরে চলে গেছে। প্রতিমাসে নিয়ম করে বাবা মায়ের ভরণপোষণের টাকা সে বেশ খানিকটা পাঠায়। ওই টাকা আর মেজ ছেলে বিমলের রেডিমেড জামাকাপড়ের দোকানের উপর সংসারটা দাঁড়িয়ে আছে। ছোট ছেলে দুটি কলেজে পড়ে। নিজেদের পড়ার খরচ নিজেরাই ছাত্র পড়িয়ে জোগাড় করে। আনমনে ননিবালা ভাবেন কত বড় জামা কাপড়ের দোকান ছিল তাঁদের। জয়দেবপুরের লোক এক ডাকে তাঁদের চিনত। রাধারানী বস্ত্রালয়ের মালিক হরিমাধব বাবুর নাম প্রায় সবাই জানত।

ননিবালা বিরক্ত হলে, অপ্রস্তুত হরিমাধব কলমি শাক দিয়ে দ্রুত ভাত মেখে খেতে থাকেন। পাশে বসে অনুও শাক ভাত খেয়ে নেয়। দুপুরে আজকাল একা একাই পান সাজতে বসেন ননিবালা। ভাবেন তাঁর বড় বৌমা সেই কবে বছর বারো বয়সে বউ হয়ে এল। সেই থেকে তো ননিবালার গা ঘেঁষেই বড় হল, মা হল। বড় কান্নাকাটি করছিল মেয়েটা যাওয়ার সময়। পান খেতে বড় ভালবাসত সে। বড় বৌমা উমারানী তো তেমন লেখাপড়া জানে না।

পত্র লিখতে সে পারবে না। বিভূতিকে তাই তিনি বারে বারে বলে দেন, সে যেন উমার বয়ানে মাসে একখানি পত্র লেখে। তবে মেয়েটা তেমন মন খুলে কথা বলতেও জানে না। সব পত্রেই ঘুরিয়ে ফিরিয়ে একই কথা লিখে যায়।

মেজ বউ ঝর্ণা মানে অনুর মা বেশ লেখাপড়া জানে। বেশ বুদ্ধিমতি, চটপটে। গুছিয়ে কাজ সেরে সে দুপুরবেলায় খবরের কাগজ পড়ে।

ননিবালার ঝর্ণাকে নিয়ে ভিতরে ভিতরে বেশ একটা গর্ব আছে। এই সম্বন্ধটা ননিবালা নিজেই করেছেন। নরসিংদীতে তাঁর কাকিমার বোনের শ্বশুরবাড়ি। ওই বোনেরই জায়ের মেয়ে ঝর্ণা।

শুধু দুশ্চিন্তা তাঁর সেজ বৌমা বিনুকে নিয়ে। বড় চপল স্বভাব মেয়েটির। তাঁদের দুটো বাড়ির পরে বরিশাল থেকে আসা একটা পরিবার থাকে। অতি সজ্জন তাঁরা। তাঁদের বাড়ির বড় ছেলেটি ডাক্তারি পাশ দিয়েছে গত বছর। সদরে চেম্বার। গ্রামেও একটা চেম্বার খুলেছে। সে নাকি একটা রেডিও কিনেছে।

প্রায় দিনই বিকেলবেলায় সেই রেডিওতে গান শুনতে ও বাড়ি গিয়ে বসে থাকে বিনু। ডাক্তারবাবুর বউয়ের সঙ্গে সই পাতিয়েছে নাকি! এসব কথা নাতনি অনুর থেকে জানতে পারেন তিনি। এসব ননিবালার মোটেও পছন্দ নয়। কিন্তু বৌমাদের সঙ্গে জোর দিয়ে তিনি কোনও দিনই তেমন শাসন বারণ করতে পারেন না। তবে নাতনি অনুকে তিনি লোকের বাড়ি গিয়ে গান শুনতে বসে পড়তে বারণ করেন।

এবার বর্ষায় টিনের চালের ঘর দুখানির খুব ক্ষতি হয়ে গেছে। ফুটো টিন দিয়ে জল ঝরঝর করে পড়ে বিছানাপত্তর সব ভিজে গেছে। ঝর্ণা, বিনু, অনু ননিবালা বালতি গামলা পেতে সামাল দিয়েছে কোনওমতে। অন্তত দুটো টিন বদল করতে হবে। বাকিটায় পিচ-চট দিয়ে ঠেকিয়ে রাখতে হবে। হাতে তেমন টাকাপয়সা নেই।

সংসারের হাল দেখে বুদ্ধ হরিমাধব স্থানীয় একটা মুদিখানায় সাহায্যকারীর কাজ নিয়েছে। সেদিন কী একটি কিনতে গিয়ে দোকানে বাবাকে দশ কেজি চাল মেপে খদ্দেরকে কোলকুঁজো হয়ে দিতে দেখে ফেলে ছোট ছেলে মানিক। খুব কষ্ট পেয়েছে ছেলেটা। বড় সরকারি চাকরি করার শখ খুব। খুব পড়াশুনা করে সে। ননিবালা বোঝায় তাকে। বলে ভাল করে লেখাপড়াটা চালিয়ে যেতে হবে। একটা চাকরি হলেই সংসারে একটু সুসার হবে।

কাঠের ছোট আলমারিটা খুলে ননিবালা ছোট কাপড়ের ব্যাগটা বার করে আনে। খুলে খুঁচরো পয়সা কটা গুনতে বসে। ঠিক এই সময় ডাকপিওন এসে হাঁক পাড়ে, চিঠি আছে - হরিমাধব চৌধুরী। মেজ বউ ঝর্ণা পোস্টকার্ডটি হাত পেতে নেয়। চোখ বুলিয়ে পড়ে নেয় খানিক। চোখ তুলে দেখে শাশুড়ি ননিবালা জিজ্ঞাসু চোখে তাকিয়ে।

ইস্কুল থেকে ফিরে অনু শুনতে পায় বাবার ছোট পিসিমা দেশ থেকে চলে আসছেন। এত কাল শুনে এসেছেন উনি নাকি বিরাট ধনী বাড়ির বউ। বালাপুরের জমিদারদের জগতি আত্মীয় হন ইনি। দেশভাগের পরে এতদিন তাঁরা থেকে গেছিলেন। কারন তাঁর শাশুড়িমা কিছুতেই তাঁদের দেশ ছাড়বেন না। তিনি গত হয়েছেন মাস পাঁচেক হলো।

এদেশে একটা বাড়ির ব্যবস্থা তাঁরা করেছেন। শুধু গোছগাছ করার ওই সময়টুকু তাঁরা থাকবেন। তাছাড়া বাবার পিসিমা গৌরী অনেক বছর বাপের ঘরে আসেন নি।

ননিবালা ভাবেন সে এক দিন ছিল ! পুজোর সময় আর জামাই ষষ্ঠীতে ননিবালার তিন ননদই আসত। নাইওরিদের আনন্দই আলাদা! হাতে হাতে চটপট লাড়ু মোয়া উপড়া তক্তি তৈরি হয়ে যেত! সারা বাড়িতে উৎসব উৎসব ভাব। শ্বশুরমশাই নিজে হাতে বাবুরহাট

থেকে বাজার করে আনতেন! এসব আজ স্বপ্ন বলে মনে হয়
ননিবালার।

আমি হাতে মানুষ- ঘাটে মানুষ- মাঠে মানুষ দেখতে পাই- ও ভাইরে
ভাই মানুষের মনুষ্যত্ব নাই-" গান গাইতে গাইতে সুবল এসে উঠোনে
দাঁড়ায়। এখন সকাল দশটা। বর্ষাকাল য়েয়েও যেন যায় নি।
বড় ঘরটা ছোট ঠাকুরঝি গৌরী আর তার বর প্রদীপবাবুকে ছেড়ে
দিতে হবে। সুবলকে তাই টিন পাল্টানো আর মেরামতের কাজটা
করতে বলে ননিবালা।

গান গাইতে গাইতে সুবল কাজ সারে। বিনু স্নান সেরে ঘরে ঢুকতে
ঢুকতে সুবলের গান শুনে থমকে দাঁড়ায়।
বারান্দার পূব কোণে জামগাছটায় বসে সেই থেকে পাখিটা ডেকেই
চলেছে ইস্টি-কুটুম, ইস্টি-কুটুম...।
যে ঘরের চাল সারাই হচ্ছে সে ঘরে বিনু আর বিভাস থাকে। সাত
বছর হল বিয়ে হয়েছ। এখনো কোনও সন্তান তাঁদের হয়নি। কেমন
যেন অগোছালো ছিস্টিছাড়া মানুষ তার স্বামীটি। বেশির ভাগ রাতেই
বিনু বিছানায় এসে দেখে স্বামীটি তাঁর ঘুমিয়ে কাটা।

এক সময় বিনুর ভাল লাগত টিনের চালের উপর বৃষ্টি পড়ার ঝমঝম
শব্দ! এক টানা ব্যাঙের ডাকে বিনুর ঘুম এসে যেত। এখন কিন্তু বৃষ্টির
শব্দ, ব্যাঙের ডাক কোনওটাই আর তেমন ভাল লাগে না। সে বুঝে
উঠতে পারে না এখন কেন এমনটা হয়। তবে বর্ষা ও শরৎ এলে বিনু
একটা অস্থিরতায় ভোগে। আজকাল বছর এগারোর ভাসুরঝি অনুর
পড়া শেষ হলে দাস বাড়িতে রামায়ণ পাঠ শুনতে যায়। তবু তাঁর দেহ
মন কোনটাই ঠাণ্ডা হয় না।

দুপুরে দুই জা আর শাশুড়ি একসঙ্গে খেতে বসলে শাশুড়ি বিনুকে
বলেন, বাড়িতে ইস্টি কুটুম আইব। তোমাগো পিসিমা গৌরীর লগে
ওর এক আত্মীয় আইব। ওর ভাসুরের শালার কেডা হয় জানি। ওই
লোকটায় নাকি পুলিশে চাকরি করে। গঙ্গার ওই পাড়ে কোনখানে
বদলি হইসে। আগে এই দেশেরই অন্য কোনখানে আছিল। ওরাই
গৌরীগো বাড়ির খোঁজ দিসে। সোমন্ত পুরুষ মানুষ থাকবো কয়টা
দিন। বিভাসের লগেই শুইব। তুমি ওই কয়টা দিন আমার আর অনুর
লগে আমাগো ঘরের মেঝেতে...।

কথা শেষ না হতেই বিনু ঘাড় নেড়ে জবাব দেয়। তার কোন অসুবিধা
নেই। যদি তেমন বোধহয় তবে শাশুড়িমা তাকে নৈহাটিতে তার
বাপের ঘরেও পাঠিয়ে দিতে পারেন।
জবাব শুনে মেজ বউ বর্ণা বুঝতে পারে যে বিনুর এই ব্যবস্থাপনায়
তেমন সায় নেই। নিঃসন্তান বিনু তার ঘর তার বিছানা তেমন ছাড়তে
চায় না। মেয়েটাকে দেখে তাঁর বেশ মায়া হয়।

বর্ণা খাবার গুছাতে গুছাতে বলে, মা ওই লোকেরে আলাদা ঘর
দেওন ভাল। ছোটপিসিমায় নয় আপনার লগেই থাকব। ওই লোকে
আর পিসামশাই এক ঘরে থাকুক। আপনারা নন্দ বৌদি কত দিন
বাদে সাক্ষাৎ করতাসেন। একঘরে শুইয়া গল্প করবেন রাইত ভর।
অচেনা লোক, তায় আবার পুলিশ! বিভাস ঠাকুরপোর ঘরে তারে
দিয়েন না।

ননিবালা ভাবলেন এটা তো তিনি ভাবেন নি। বিভাস তো আবার
লুকাইয়া কী সব পার্টি করে! তিনি মনে মনে মেজ বউ বর্ণার বুদ্ধির
তারিফ করেন। আর খুব দ্রুত ঘাড় নেড়ে সায় দিয়ে বলেন এটাই ঠিক
ব্যবস্থা।

বিনু আসলে জানে না তাকে বিভাস অবহেলা করে কিনা! কিন্তু সে
মনে করে বিভাসের আবেগ কমে গেছে, কোথাও যেন বাঁধনটা
আলগা। একজন আরেকজনকে কাছে পাওয়ার জন্য যে আবেগ
লাগে বা যে আবেগ থাকা দরকার সেটা বিভাসের নেই। বিনু ভাবে
যদি একটা সন্তান তাঁদের থাকত তবে হয়ত এমনটা হত না।
শাশুড়ি ননিবালাও খুব চেষ্টা করেন। বাকি দুই ছেলে বৌমার মতো
এরাও ভাল থাকুক তা তিনিও চান।

আজ যে মেয়েটি বউ হয়ে তাঁর ঘরে এল, একটা সময় সে-ই আবার
নিজের সন্তানকে বিয়ে দিয়ে শাশুড়ি হবে। ছেলে বিয়ে দিয়ে ঘরে বউ
আনবে। সময়ের দুই প্রান্তে দাঁড়ানো দুটি মানুষ তো দুটি আলাদা
সত্ত্বা। বউ যদি শাশুড়িকে অন্যতম প্রতিদ্বন্দ্বী মনে করে আর
শাশুড়িও যদি বউকে প্রতিদ্বন্দ্বী মনে করেন তবে তো ভারী সমস্যা।
ননিবালা বউমাদের আত্মার বন্ধনে বাঁধতে চান। বৌমাদের সুখ
দুঃখের ভাগিদার হতে চান। তাই তিনি বিনুর জন্য হঠাৎ খুব কষ্ট
অনুভব করেন।

সুবলের কাজ শেষ করতে বেলা হয়ে যায়। পুকুর থেকে স্নান সেরে
সুবল বারান্দায় পিঁড়ি পেতে বসে। ননিবালা ভাত বেড়ে গুছিয়ে দেন।
নিজেও পিঁড়ি একখানি নিয়ে বলেন, কাইল আর একবার আইস
খনে। কয়টা ডাব পাইড়া দিবি। কাইলও দুফুড়ে খাইয়া ঘাইস।

গ্রামে যাঁদের বাড়িতে নারকেল গাছে আছে, তাঁদের কেউ কেউ
কাঁদি-কাঁদি ডাব নামিয়েও সঙ্কুলান করে উঠতে পারছেন না। তারই
মধ্যে কোনও ডাব হয়তো কেটে দেখা যাচ্ছে জল নেই ভেতরে।
কারও বাড়িতে ডাবের গড়ন আঁকাবাকা, গায়ে কালো দাগ। কারও
আবার বাড়ির গাছে ডাবই হচ্ছে না কিছুতে। সব মিলিয়ে নারকেল
গাছ নিয়ে প্রচুর অভাব-অভিযোগ। প্রচুর দুশ্চিন্তা।

ননিবালাদের এই বাড়িতে তিনটা গাছ। তিনটাই তাঁর নিজের হাতে
সেই পঞ্চাশ সনে লাগানো। আজ এগারো বছর বাদে তিনি ভাবেন
ভাগ্যিস তিনি এসব গাছপালা লাগিয়েছিলেন।
বাড়ির উঠোনে লাগানো নারকেল গাছে সার দেওয়ার প্রয়োজনীয়তা
বোধ করে না কেউ। নারকেল গাছের রোগপোকা নিয়েও সাধারণ
লোকজনের খুব একটা ধারণা নেই। অথচ, একটু যত্ন নিলে নারকেল
গাছেও প্রচুর ফল ধরবে, জল হবে ভাল, শাঁস মোটা। এসব কথা
ননিবালা শুনেছেন। ব্যস ওই অবধি।

সুবল পরের দিন দুপুরের দিকে আসবে এমন কথা দিয়ে কলতলায়
হাত ধুতে চলে যায়।

বিনু ঘরে গিয়ে বড় আয়নার সামনে দাঁড়িয়ে বুকের কাপড়খানা
একটু আলগা করে। বড্ড গরম লাগে তাঁর। এঘরে একটা বড় আয়না
আছে। দুবছর আগে তাঁর স্বামী যেখানে কাজ করত সেখান থেকে
পুজোয় বোনাস পেয়েছিলেন। তখন গঞ্জের বাজার থেকে এই
আয়নাটা কেনা হয়। আয়নার দিকে তাকিয়ে বিনু দেখে সে বেশ
একটু ভারী হয়েছে। বুক পাছা দুইই তার বেশ ভারী। পরনের ব্লাউস
থেকে অনেকটাই উঁচু হয়ে বের হয়ে আছে তার বুক। নিজেকে
বিভোর হয়ে দেখে বিনু!

একটা রিক্সা আর একটা ভ্যান রিক্সা নিয়ে ইস্টিশনে বোনকে আনতে
গিয়েছিলেন হরিমাধব।
গেটের মুখে লাগানো কামিনীফুল গাছের গোড়ায় এসে দাঁড়ান
ননিবালা। অপেক্ষা করেন একটা মানুষের জন্য! একটা ফেলে আসা

সোনালী দিনের জন্য! যে দিনগুলি ছুট করে এসে পড়ে গৌরীর হাত ধরে। সদ্য বিবাহিতা ননিবালার কালীপুকুর সাঁতরে এপার ওপার হওয়ার সঙ্গী তো ছিল ওই গৌরী! তাঁরা একসঙ্গে মাটির পুতুল বানাতেন! একসঙ্গে পা মেলে বসে ষোল গুটি খেলতেন!

ডাঙ গুটি খেললেই কেবল মা রাগ করতেন। সেই গৌরীর বিয়ে হলো! স্বশুরবাড়ি যাওয়ার সময় ননিবালাকে জড়িয়ে সে কী কান্না! রিক্সার হর্নের আওয়াজে চমক ভাঙে ননিবালার। গৌরী নেমে আসে। অবস্থাপন্ন ঘরের বউয়ের যে চাকচিক্য থাকে তার থেকে একটু বেশিই যেন সুন্দরী গৌরী। একটা শান্ত সুন্দর শ্রী তাঁর মুখ ঘিরে। চিবুকে হাত দিয়ে আদর করেন ননিবালা।

বাড়ির সকলের সঙ্গে বারান্দায় এসে দাঁড়ায় বিনু। ভ্যান রিক্সায় দুটো ফুল লতাপাতা আঁকা ট্রাংক। আর খান চারেক মাঝারি বাস্ক প্যাটরা নামাতে হাত লাগায় তাঁর দুই দেওর। সঙ্গে ওই কুটুম লোকটিও না! কোঁকড়া চুল গাল বসা লম্বাটে মুখের ওই ছেলেটিকে দেখে বিনুর হঠাৎ মাথাটা চক্কর দিয়ে ওঠে। ও তো গুরুপদ! পাশে দাঁড়ানো বালিকা অনু জড়িয়ে ধরে কাকিমাকে। দ্রুত পায়ে নিজের ঘরে ঢুকে যায় বিনু। অনুও পিছে পিছে যায়। কিন্তু কিছুই বুঝতে পারে না।

আবার কেন ওর জীবনে গুরুপদ ফিরে এলো! ঘরের কোণে রাখা কলসি থেকে এক গ্লাস জল গড়িয়ে খেল বিনু। কেন এল সে? তার ভাঙাচোরা ঘর বসত নিয়ে সে তো দিকি কাটিয়ে দিচ্ছিল! দুলালী পিসিমা মানে গুরুপদের মায়ের দেশ ছাড়ার দুদিন আগে নদীর কিনারের ওই আমলকি তলায় লুকিয়ে দেখা করতে গেছিল বিনু। গুরুপদ বলেছিল

চল না বিনুদি আমাগো লগে। মায় রে কমু?
তর মায় সব টের পাইসে। তুই কি কিছুই বোঝোস না! তাই তো উনি তড়িঘড়ি ইন্ডিয়ায় চললেন।
তাই নাকি?

গত পরশু বিকালে আমারে ডাইক্যা কইসেন। আমি যেন তোরে ভুইল্যা যাই। আর তোর লগে যেন যোগাযোগ না করি। মাকালীর পা ছুইয়া কথা দিলাম যে তারে!
- কী কইরা জানল কও তো!
ফুঁপিয়ে কেঁদে উঠে বিনু জানায় চম্পা বৌদি সব বলে দিয়েছেন। বয়সে দেড় বছরের ছোট গুরুপদের সঙ্গে ভালবাসার বন্ধনে জড়িয়ে যায় বিনু। তাঁরা দুজনে ঠিক করে দেশ ছেড়ে ইন্ডিয়ায় গিয়ে তারা ঘর বাঁধবে।

এসব জানতে পেরে গুরুপদের মা সাত তাড়াতাড়ি দেশের পাট গুটিয়ে ফেলেন।

পৃথিবী অনেক ছোট। এখানে এমনটি ভাবার কোনও কারণ নেই যে কারও সাথে একবারে সম্পর্ক ছিন্ন করে দিলে তার সাথে দ্বিতীয়বার আর দেখা হবে না। চলার পথে কিংবা অন্যান্য যেকোনও ভাবেই হোক পুরনো সম্পর্কের মানুষটির সাথে পুনরায় দেখা হয়ে যেতেই পারে। অনেকেই আগের সম্পর্কটি ভুলতে চেষ্টা করে কিন্তু পারে না। এই যেমন গুরুপদের সঙ্গে বিনুর দেখা হলো।

কুটুম বাড়ির লোক তাই গুরুপদের খাতিরযত্ন যাতে ভালভাবে হয় সেদিকে নজর দিলেন ননিবালা।

দুপুরে জামাইয়ের পাশে বসিয়ে ভাত বেড়ে দিলেন নিজের হাতে। বিনু হাতে হাতে সাহায্য করছিল নতমুখে। গুরুপদ বিনুকে দেখে

চমকে উঠে বলল, আরে বিনুদি না! একই রকমই আছো তো! মনে মনে ভাবে অন্তত দশ বছর পর দেখা। চেহারায়, আদলে পরিবর্তন ঘটেছে অনেক। প্রাণবন্ত, চঞ্চল ছিপছিপে তরুণীটি এখন কিছটা পৃথুলা, পূর্ণবয়স্ক নারী।

একে একে বাড়ির সকলে জেনে গেল যে গুরুপদ বিনুর দূর সম্পর্কিত ভাই।
রাতে শুয়ে শুয়ে বিনু ভাবে, মন ভাঙে যখন প্রেমাস্পদ দূরে সরে যায়। কিন্তু প্রেম তো মরে না। মনের গহিন কোণে, যাকে আমরা বলি অবচেতন, সেখানে সুপ্ত অবস্থায় থেকে যায়। গুরুপদকে দেখার পর থেকে বিনুর বুকের ভিতর কেমন যেন একটা অনুভূতি হয়। এটাকে কি ভালবাসা বলে? না সেরকম তো নয়। পাশে শুয়ে থাকা বিভাসের দিকে তাকায়। ক্লান্ত হেরে যাওয়া একটা মানুষ যেন, কত কী বলে সব বিনু বোঝে না।

দিন বদলের কথা বলে। বলে সবার জন্য পেট ভরা আহার, স্বাস্থ্য আর শিক্ষা চাই। এসব ছাড়া বেঁচে থাকা যায় নাকি? মুখের ওপর হ্যারিকেনের মৃদু আলোয় বিনু বুঝতে পারে না তাঁর স্বামীটি ঘুমিয়ে, না জেগে রয়েছে। কেমন একটা মায়া হয় বিনুর। পরম মমতায় মাথায় হাত বুলিয়ে দেয় সে।
চমকে ওঠে বিনু! বিভাস তাঁর হাতখানি চেপে ধরে বলে,
আমি তোমারে কিছুই দিতে পারি না। তবুও তুমি এত ভালবাস বিনু!
আমিও তো কিছু চাই না।
কেন চাও না? অধিকার বুইঝ্যা নিতে হয়। নাইলে কাইড়া নিতে হয়। বলে হা হা করে হেসে ওঠে বিভাস।

এভাবে দুটো দিন কেটে গেল। বিনু রোজকার পরনের সুতির শাড়ি বদলে তুলে রাখা দুটো তাঁতের কাপড় বের করে নিল। ও কি একটু বেশি সাজগোজ করছে? ও কি গুরুপদের নজর কাড়তে চাইছে? ও নিজেও ঠিক বুঝে উঠতে পারে না! আসলে পরিচ্ছন্ন থাকতে বিনু পছন্দ করে।


দু দিন বাদে বিনু সকালে উঠে রোজকার মতো কাজ শুরু করে। সব বিছানাপত্র ভাসুরঝিঁ অনুর সাহায্যে গুছিয়ে ফেলা তার নিত্যদিনের কাজ। স্বশুরমশাইয়ের বরাদ্দ ঘরটিতে কুটুম গুরুপদের শোয়ার ব্যবস্থা হয়েছে তা বিনু জানে। ইচ্ছে করেই দেরি করে সে। অন্য ঘরদোরের কাজ সামলে বিনু অবশেষে ওই ঘরে যায়। গিয়ে দেখে ঘর ফাঁকা। গুরুপদ ও তার বাস্ক প্যাটরা কিছুই নেই! কোথায় গেল সে!

